

পরিচ্ছন্ন গ্রাম: পরিচ্ছন্ন শহর

পরিষ্কার-পরিচ্ছন্নতা উন্নয়ন ও সমৃদ্ধির অন্যতম সূচক: যে দেশ যত উন্নত সে দেশ তত পরিচ্ছন্ন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নলালিত 'সোনার বাংলাদেশ' বিনির্মাণের লক্ষ্যে ভিশন ২০২১, ২০৪১ ও এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে উন্নয়ন ও সমৃদ্ধির অদম্য অগ্রযাত্রায় এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নত-সমৃদ্ধ বাংলাদেশে উত্তরণের মানদণ্ড হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্ন সুন্দর বাংলাদেশ গড়ে তোলা অপরিহার্য। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এ উল্লিখিত "আমার গ্রাম-আমার শহর" বাস্তবায়নে "পরিচ্ছন্ন গ্রাম: পরিচ্ছন্ন শহর" এর ধারণাকে সর্বব্যাপী ছড়িয়ে দেয়ার অভিপ্রায়ে এ কার্যক্রম গৃহীত হয়েছে।

লক্ষ্য:

মুজিববর্ষ (২০২০) কে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ বিনির্মাণ

উদ্দেশ্য:

- * ভিশন ২০২১, ২০৪১, এসডিজি অর্জন ও উন্নয়নের মানদণ্ড হিসেবে পরিচ্ছন্ন জনপদ গড়ে তোলা
- * সর্বসাধারণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলা, জনসাধারণকে এ বিষয়ে সচেতন করা
- * মশাবাহিত, পানিবাহিত, বায়ুবাহিত ও মৌসুমী রোগ-বলাই হতে পরিত্রাণ পাওয়া
- * প্লাস্টিক, পলিথিনের ব্যবহার রোধ/সীমিতকরণ এবং জলাবদ্ধতা দূরীকরণ
- * নতুন প্রজন্মকে উন্নত-পরিচ্ছন্ন বাংলাদেশের চেতনায় উদ্বুদ্ধ করা ও তাদের মধ্যে জীবনব্যাপী পরিচ্ছন্নতার বোধ ও অভ্যস্ততা গড়ে তোলা

কর্ম পদ্ধতি:

<p>১. সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে প্রথমে ছোট এলাকায় কাজ শুরু করা</p> <p>২. শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বর্তমানে চালুকৃত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা। তিন ধাপ: (ক) শ্রেণী কক্ষ থেকে স্কুল প্রাঙ্গণ (খ) স্কুল থেকে বাড়ি (গ) স্কুল থেকে বাড়ি হয়ে অভিভাবকের কর্মস্থল</p> <p>৩. সকল মন্ত্রণালয়/বিভাগ. শ্রেণী-পেশার সকল বয়সের লোককে সম্পৃক্ত করা</p> <p>৪. সর্বোচ্চ ৩-৪ মাস সময়ে সমুদয় এলাকা প্রাথমিকভাবে পরিচ্ছন্ন করা</p> <p>৫. পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বিষয়টি স্থায়ীরূপ দেয়ার লক্ষ্যে সপ্তাহে একদিন তিন ঘণ্টাব্যাপী দেশব্যাপী সর্বত্র পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা এবং সৌন্দর্য্য বর্ধন কাজে অংশগ্রহণ</p> <p>৬. সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণ</p> <p>৭. সকল পর্যায়ে পরিষ্কার পরিচ্ছন্নতা এবং সৌন্দর্য্য বর্ধন উৎসাহিত করা ভালো কাজের স্বীকৃতি প্রদান</p> <p>৮. সরকারি APA এর অংশ হিসেবে সম্পৃক্ত করা</p> <p>৯. ব্যবসায়ী, শিল্প ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর অংশ হিসেবে এ কাজে ব্যয়ে উদ্বুদ্ধ করা</p> <p>১০. প্রত্যেক দফতর স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করবে। প্রত্যেক প্রতিষ্ঠান Model SOP প্রণয়ন করবে</p>	<p>১১. পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বৃদ্ধি বিষয়ে আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা। এ বিষয়ে গবেষণা কার্যক্রম ও গবেষণা প্রতিষ্ঠান স্থাপনের পদক্ষেপ নেয়া। বায়োটেকনোলজি, নেনো টেকনোলজির ব্যবহার</p> <p>১২. জনসচেতনতা বৃদ্ধির জন্য বিস্তারিত Media Plan প্রণয়ন</p> <p>১৩. পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বর্ধন বিষয়ে আইন প্রণয়ন, কঠোর শাস্তির ব্যবস্থা রাখা এবং কার্যকর বাস্তবায়ন</p> <p>১৪. স্ব স্ব প্রতিষ্ঠান পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বর্ধনের প্রাথমিক কাজ সম্পন্ন করে নিজ এলাকাকে পরিচ্ছন্ন ও সুন্দর হিসেবে ঘোষণা করবে:</p> <ul style="list-style-type: none"> * পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন ইউনিয়ন; * পরিচ্ছন্ন ওয়ার্ড-পরিচ্ছন্ন শহর; * পরিচ্ছন্ন উপজেলা-পরিচ্ছন্ন জেলা। <p>১৫. পলিথিন, প্লাস্টিক ও যে সকল দ্রব্য পরিবেশ দূষণ করে সেগুলো উৎপাদন ও বাজারজাত করার বিষয়ে এমন পদ্ধতি প্রবর্তন যা পরিবেশ দূষণ রোধে সহায়ক হবে।</p>
---	--

কর্মপরিকল্পনা:

স্বল্পমেয়াদী পরিকল্পনা (তিন মাসব্যাপী)

গ্রাম/ শহর	কার্যক্রম	উপ-কার্যক্রম	সকার কর্তৃক নির্দেশনা সরকারি দপ্তরের কাজ	দায়িত্বপ্রাপ্ত/দপ্তর/সংস্থা	কাজের ধরণ	সময়কাল	গৃহীত পদক্ষেপ ও প্রমানক
১	২	৩	৪	৫	৬	৭	৮
গ্রাম	পরিবার ভিত্তিক পরিচ্ছন্নতা	ক. পরিবারের অভিভাবকের নেতৃত্বে সকল সদস্য কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিতকরণ। খ. বাড়ির আঙ্গিনাসহ চারপাশ পরিচ্ছন্ন রাখা	স্বচ্ছাশ্রমে সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করা	জেলা প্রাথমিক অফিসার, জেলা মাধ্যমিক অফিসার, জেলা ও উপজেলা প্রশাসন, বিভিন্ন এনজিও	মোটিভেশন, লিফলেট, শিক্ষা প্রতিষ্ঠানে সভা করা	প্রতিদিন ডিসেম্বর ২০- জানুয়ারী ২১	সংশ্লিষ্টদের পত্র দেয়া
	ওয়ার্ড ভিত্তিক পরিচ্ছন্নতা কার্যক্রম	সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেতৃত্বে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা	টেকসই কর্মপদ্ধতি ও জীবনব্যাপী শিক্ষা	ওয়ার্ড কমিশনারগণ (সকল), পৌরসভা/ ইউপি সদস্য (সকল), ইউ পি	পরিকল্পনা প্রনয়ন, পাশ্চিক মিটিং, নিয়মিত ফলোআপ, কাজের সাথে স্থানীয় জনগণ কে সম্পৃক্ত করা	প্রতিদিন সকাল/ সন্ধ্যা ডিসেম্বর ২০,- জানুয়ারী ও ফেব্রুয়ারী ২১	সংশ্লিষ্টদের পত্র দেয়া ছবি, রেজুলেশন, সমাপ্তি প্রতিবাদন
	স্কুল, কলেজ, মাদ্রাসা ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান ভিত্তিক পরিচ্ছন্নতা কার্যক্রম	শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নেতৃত্বে কয়েকটি টিম এ বিভক্ত করে ওয়ার্ডভিত্তিক কার্যক্রম পরিচালনা করা।	শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক কার্যসূচি হিসেবে একঘন্টা পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি অন্তর্ভুক্ত করা এবং সপ্তাহে একদিন পরিষ্কার- পরিচ্ছন্নতা কার্যক্রমের অংশগ্রহণ করা।	স্থানীয় প্রশাসন/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণ, জেলা প্রাথমিক অফিসার, জেলা মাধ্যমিক অফিসার, জেলা ও উপজেলা প্রশাসন	নিয়মিত মনিটরিং, প্রতিষ্ঠান ভিত্তিক টিম তৈরি করা, কাজের লগবুক মেনে চলা, এই কাজের গুরুত্ব নিয়ে শ্রেণীকক্ষে আলোচনা করা, অভিভাবক গণ কে উদ্বুদ্ধ করা	প্রতিদিন এক ঘন্টা/ সপ্তাহে একদিন	সংশ্লিষ্টদের পত্র দেয়া ছবি, রেজুলেশন, সমাপ্তি প্রতিবাদন
	ইউনিয়ন ভিত্তিক পরিচ্ছন্নতা কার্যক্রম	প্রাথমিক পর্যায়ে এলাকা ভিত্তিক পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করা।	বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও সর্বসাধারণের অংশগ্রহণে	ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদ সদস্যগণ (সকল)	কাজের পরিকল্পনা করা, বাজেট প্রণয়ন, জনবল ঠিক করে দিন ভিত্তিক কর্মসূচী প্রনয়ন করা	প্রতিদিন সকাল ডিসেম্বর ২০,- জানুয়ারী ও ফেব্রুয়ারী ২১	ঐ
	বিভিন্ন স্বচ্ছাসেবী সংগঠন কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম	রাস্তা পরিষ্কার কার্যক্রম, নির্দিষ্টস্থানে ময়লা ফেলা নিশ্চিত করা	স্বচ্ছাশ্রমে উৎসাহ প্রদান	জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, সংগঠন, এনজিও	সংগঠনের সাথে মিটিং, তালিকা প্রস্তুত, কার্যপদ্ধতি প্রস্তুত করা	সপ্তাহে একদিন প্রতি বৃহঃস্পতিবার	ঐ

গ্রাম/ শহর	কার্যক্রম	উপ-কার্যক্রম	সকার কর্তৃক নির্দেশনা সরকারি দপ্তরের কাজ	দায়িত্বপ্রাপ্ত/দপ্তর/সংস্থা	কাজের ধরন	সময়কাল	গৃহীত পদক্ষেপ ও প্রমানক
১	২	৩	৪	৫		৬	
গ্রাম	হাট-বাজার/ গ্রোথ সেন্টার পরিচ্ছন্ন রাখা	হাট শেষে বাজার পরিষ্কার করে ফেলা। দোকানপাট বন্ধ হওয়ার সাথে সাথে দোকানদার কর্তৃক সামনে জায়গা পরিষ্কার করার বাধ্যবাধকতা আরোপ।	সাপ্তাহিক হাট শেষ হওয়ার সাথে সাথে পুরো এলাকা পরিষ্কার করতে হবে। দোকান বন্ধ করার সাথে সাথে যার যার দোকানের সামনে এলাকা পরিষ্কার করে ফেলতে হবে। এ বিষয়ে হাট-বাজার কমিটি ও দোকান-মালিক সমিতি/ ব্যবসায়িক সমিতিতে বাধ্য করা।	বাজার কমিটি/ হাটের ইজারাদার/ ব্যবসায়িক সমিতি / উপ পরিচালক, স্থানীয় সরকার / ইউ এনও/ ইউপি চেয়ারম্যান /মেয়র (সকল), পৌরসভা	ইউ পি/ উপজেলা কর্তৃক হাট সভা করা/ কার্যপদ্ধতি ঠিক করা/ দায়িত্ব দেয়া/ মনিটরিং করা/ প্রতিবেদন প্রস্তুত/	হাটের দিন ও অন্যান্য প্রতিদিন পুরো মুজিব বর্ষ	ছবি, রেজুলেশন, রিপোর্ট
	জনপরিসর পরিচ্ছন্ন রাখা	জনপরিসর ও গণপরিবহনের স্ট্যান্ড যেমন: বাসস্ট্যান্ড, ট্রেন স্টেশন, রিকশা ভ্যান স্ট্যান্ড, অটো স্ট্যান্ড ইত্যাদি এলাকা নিয়মিত বিরতিতে (কয়েক ঘন্টা পরপর) পরিচ্ছন্ন করা।	বর্ণিত স্থানসমূহ সার্বক্ষণিক পরিচ্ছন্ন রাখতে আইনানুগভাবে বাধ্য করতে হবে।	সংশ্লিষ্ট সমিতিসমূহ/ ইজারাদার/ ইউপি ও উপজেলা প্রশাসন	তালিকা প্রস্তুত/ মিটিং করা, কাজ ভাগ করে দেয়া/ নিয়মিত মনিটরিং	প্রতিদিন পুরো মুজিব বর্ষ	ছবি, সাংবাদিক সম্মেলন
শহর	পৌরসভা ভিত্তিক পরিচ্ছন্নতা কার্যক্রম	১। পৌরসভা অন্তর্গত রাস্তাঘাট, বাজার, নালা-নর্দমা, বিভিন্ন ফ্যাক্টরি ও পুকুর- জলাশয় পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ২। কাউন্সিলর কর্তৃক ক্লাস্টারভিত্তিক পরিচ্ছন্নতা কার্যক্রম ৩। আবর্জনা রিসাইক্লিং এর উদ্যোগ গ্রহণ ৪। সকল ধরনের পলিথিন এর ব্যবহার এর বিরুদ্ধে জনসচেতনতা তৈরি।	পরিবশে রক্ষায় প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার/ পরিবেশ বান্ধব ভিন্ন ভিন্ন আবর্জনার জন্য ভিন্ন ভিন্ন ওয়েস্টে ব্যাগ প্রচলন/ এ জাতীয় ব্যাগ উৎপাদন ও বিপণনে উৎসাহ প্রদান।	চেম্বার/ কাউন্সিলরগণ/ পৌরসভার সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, জেলা প্রশাসন	মেয়র/ পৌর এলাকা সমূহ কাজের পরিকল্পনা প্রণয়ন/ মনিটরিং করা/ জন সম্পৃক্ততা করা/ পলিথিন এর উৎপাদন, বিপণন, বাজারজাতকরন বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা।	ডিসেম্বর ২০,- জানুয়ারী ও ফেব্রুয়ারী ২১	ছবি, রেজুলেশন, মাইকিং

মধ্যমেয়াদী পরিকল্পনা (বছরব্যাপী)

গ্রাম/শহর	কাপুরো মুজিব বর্ষক্রম	উপ-কার্যক্রম	সকার কর্তৃক নির্দেশনা সরকারি দপ্তরের কাজ	দায়িত্বপ্রাপ্ত/দপ্তর/সংস্থা	সময়কাল
১	২	৩	৪	৫	৬
গ্রাম	প্রতি ওয়ার্ডে পাঁচটি সেরা পরিচ্ছন্ন পরিবার বা বাড়িকে স্বীকৃতি প্রদান	ইউনিয়ন পর্যায়ে প্রতি পনের দিন পরপর মূল্যায়ন কার্যক্রমে জনগণকে সম্পৃক্ত করা।	জনগণকে উৎসাহিত করা	ইউনিয়ন পরিষদ	ডিসেম্বর ২০ থেকে মে ২০২১ পর্যন্ত
	উপজেলা পর্যায় থেকে সেরা প্রতিষ্ঠানকে বাছাই করা এবং স্বীকৃতি প্রদান করা	উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্য থেকে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে সর্বোৎকৃষ্ট প্রতিষ্ঠান বাছাই করা এবং তা মডেল আকারে অন্যান্য প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা	সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা	উপজেলা নির্বাহী অফিসার	প্রতিমাসে একবার পুরো মুজিব বর্ষ
শহর	১। প্রতিটি শহরে ময়লা ফেলার জন্য একটি সুনির্দিষ্ট ডাম্পিং স্টেশন নির্ধারণ করা	প্রাত্যহিক ডাস্টবিন থেকে ময়লা-আবর্জনা ডাম্পিং স্টেশনে ফেলা নিশ্চিত করা।	সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাধ্যমে ক্লাস্টারভিত্তিক মনিটরিং করা।	পৌরসভা/ জেলা পরিষদ/ জেলা প্রশাসক	প্রতিমাসে একবার পুরো মুজিব বর্ষ
	২। শহরের নির্দিষ্ট স্থানে প্রয়োজনীয় ডাস্টবিন স্থাপন নিশ্চিত করা।				
	বিভিন্ন স্বেচ্ছাসেবী ও এনজিও সংগঠন কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা	মহল্লা/ ওয়ার্ড ভিত্তিক পরিবেক্ষক তৈরি	শহরে মাঠকর্মীদের মাধ্যমে ময়লা ব্যবস্থাপনার কার্যক্রমে সচেতনতা কার্যক্রম পরিচালনা এবং উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করা	চাঁপাইনবাবগঞ্জ জেলায় কর্মরত স্বেচ্ছাসেবী ও এনজিও সংগঠন/ জেলা পরিষদ/ জেলা প্রশাসন/ পৌরসভা	সপ্তাহে একদিন পুরো মুজিব বর্ষ
	প্রতিটি শহরে সেরা প্রতিষ্ঠান/পরিবার বাছাই করা এবং স্বীকৃতি প্রদান করা	শহরাঞ্চলের বাসাবাড়িসমূহের মধ্যে হতে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্য থেকে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে সর্বোৎকৃষ্ট পরিবার/ প্রতিষ্ঠান বাছাই করা এবং তা মডেল আকারে অন্যান্য প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা।	জনগণ ও সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা	শহরাঞ্চলের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসন	প্রতিমাসে একবার পুরো মুজিব বর্ষ

দীর্ঘমেয়াদী পরিকল্পনা (চলমান)

গ্রাম/শহর	কার্যক্রম	উপ-কার্যক্রম	সকার কর্তৃক নির্দেশনা সরকারি দপ্তরের কাজ	দায়িত্বপ্রাপ্ত/দপ্তর/সংস্থা	সময়কাল
১	২	৩	৪	৫	৬
গ্রাম	উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ পরিচ্ছন্ন গ্রাম নির্বাচন করা	পরিচ্ছন্ন মডেল গ্রামকে সকলের মাঝে উপস্থাপন করা	সদর - , নাচোল - , ভোলাহাট- , শিবগঞ্জ - , গোমস্তাপুর -	উপজেলা প্রশাসন	পুরো মুজিব বর্ষ
	উপজেলা পরিষদ কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম	উপজেলা পরিষদের আওতাধীন সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ-কে পরিষ্কার-পরিচ্ছন্নতা আওতায় আনা	মুজিব বর্ষের প্রথম মাসে পরিচ্ছন্নতা স্থায়ী রূপ দেয়া	উপজেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলার সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ/উপজেলা ভাইস চেয়ারম্যানগণ	পুরো মুজিব বর্ষ
	জেলা পরিষদ কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম	জেলা পরিষদের আওতাধীন সকল রেস্ট হাউস/মার্কেট/রাস্তাঘাট/খেয়াঘাটসমূহ/পরিষ্কার-পরিচ্ছন্নতার আওতায় আনা	মুজিব বর্ষের প্রথম মাসে পরিচ্ছন্নতা স্থায়ী রূপ দেয়া	জেলা পরিষদ এর চেয়ারম্যান/সদস্যগণ	পুরো মুজিব বর্ষ
	জেলা প্রশাসন কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম	জেলা প্রশাসন ও জেলার সরকারি সকল প্রতিষ্ঠানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতার আওতায় আনা	মুজিব বর্ষের প্রথম মাসে পরিচ্ছন্নতা স্থায়ী রূপ দেয়া	জেলা প্রশাসক ও জেলার সকল পর্যায়ের কর্মচারীবৃন্দ	পুরো মুজিব বর্ষ
পৌর, শহর	পৌরসভা এলাকায় শ্রেষ্ঠ পরিচ্ছন্ন ওয়ার্ড নির্বাচন করা	পরিচ্ছন্ন মডেল ওয়ার্ডকে সকলের মাঝে উপস্থাপন করা	মডেল ওয়ার্ড নির্বাচন	পৌরসভা (সকল)	পুরো মুজিব বর্ষ
	পৌরসভা (সকল)	পৌরসভা ও তার অধীনস্থ সকল প্রতিষ্ঠানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতার আওতায় আনা	মুজিব বর্ষের প্রথম মাসে পরিচ্ছন্নতা স্থায়ী রূপ দেয়া	মেয়র/কাউন্সিলরগণ ও সংশ্লিষ্ট সকল কর্মচারী	পুরো মুজিব বর্ষ

- * এই ছক অনুসরণ করে প্রতিটি প্রতিষ্ঠানকে কর্মপরিকল্পনা তৈরী করতে হবে।
- * অধীনস্থ দপ্তর /সংস্থার নির্দেশনা প্রদান করতে হবে
- * সকল সচিব মহোদয়গণ এই বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানদের নিয়ে সভা করবেন
- * আগামী ০৭ দিনের মধ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।
- * আগামী ২০-২২ অক্টোবরের মধ্যে PMO-তে সচিব মহোদয়ের নিয়ে এ সংক্রান্ত সভা হবে।